



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প(সংশোধিত)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd

স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭১৯.১৩-৩৮৪১

তারিখ : ১৮/০৭/২০১৬ খ্রিঃ


উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
উপজেলাঃ পাইকগাছা, জেলা : খুলনা।
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড।

বিষয়ঃ অমিত কুমার মন্ডল মাঠ সংগঠক এর মেয়াদোত্তীর্ণ খেলাপীর তথ্য প্রেরণ।

সূত্রঃ-স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৭১৯.১৪-৩৫৫৬, তারিখঃ ০৮/০৩/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক বাস্তবায়নধীন দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা (সংশোধিত) প্রকল্পের খুলনা জেলার পাইকগাছা উপজেলার মাঠসংগঠকে সূত্রস্থ পত্র মূলে অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণের কারণে ঋণ মেয়াদোত্তীর্ণ হওয়ায় সাময়িক বরখাস্ত করা হয়। তাকে ০৩ (তিন) মাস এর মধ্যে তাঁর মেয়াদোত্তীর্ণ টাকা আদায়ের জন্য ও আদায়ে ব্যর্থতায় চাকুরী হতে বরখাস্তের নির্দেশনা প্রদান করা হয়। কিন্তু অদ্যাবধি উপজেলা দপ্তর হতে উক্ত মাঠসংগঠক এর কার্যক্রমের অগ্রগতিসহ মেয়াদোত্তীর্ণ খেলাপী ঋণ আদায়ের কোন তথ্য প্রকল্প দপ্তরে প্রেরণ করা হয়নি। উল্লেখ্য, অদ্য ১৮/০৭/২০১৬ খ্রিঃ প্রকল্পের অনলাইন সফটওয়্যারে উক্ত মাঠসংগঠক এর কার্যক্রম অগ্রগতি যাচাই-এ দেখা যায় যে, অমিত কুমার মন্ডল এর বিতরণকৃত ঋণ সেবামূল্যসহ ৫,৮৫,৪৬০/- (পাঁচ লক্ষ পঁচাশি হাজার চারশত ষাট টাকা) মেয়াদোত্তীর্ণ খেলাপী হয়েছে। এমতাবস্থায়, তাঁর বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার জন্য বিস্তারিত তথ্য প্রয়োজন।

এমতাবস্থায়, বর্ণিত মাঠ সংগঠকের কার্যক্রম অর্থাৎ অনিয়মতান্ত্রিক ঋণ বিতরণ, মেয়াদোত্তীর্ণ খেলাপী, হস্তমজুদসহ বিস্তারিত তথ্যসমূহ আগামী ২৮/০৭/২০১৬ খ্রিঃ মধ্যে প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


আরিফুল হক

উপ প্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. অমিত কুমার মন্ডল, মাঠ সংগঠক, (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ পাইকগাছা, জেলা : খুলনা।
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো), বিআরডিবি, উপজেলাঃ পাইকগাছা, জেলা : খুলনা।
(উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার সাথে সার্বক্ষনিক যোগাযোগ রক্ষা করে উপরোক্ত বিষয়টি বাস্তবায়ন নিশ্চিত করতে হবে)।
৩. প্রোগ্রামার (ইরেসপো), বিআরডিবি, (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৪. উপপরিচালক, বিআরডিবি, খুলনা।
৫. প্রকল্প পরিচালক (ইরেসপো), বিআরডিবি, ঢাকা।
৬. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।
৮. অফিস কপি/ব্যক্তিগত নথি/গার্ড ফাইল।